গাংনীতে কোরআন তেলওয়াত ও ইসলামি সংগীত প্রতিযোগিতা অনুষ্ঠিত

মেহেরপুরের গাংনীতে কোরআন তেলওয়াত ও ইসলামি সংগীত প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে। গতকাল শনিবার দিনব্যাপী উপজেলার দেবীপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

প্রতিযোগিতায় অংশগ্রহণ করেন অত্র উপজেলার বিভিন্ন মাদ্রাসার শিক্ষার্থীরা। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, বামন্দী নিশিপুর স্কুল এন্ড কলেজের সাবেক শিক্ষক হাজী মো: সামসুজ্জোহা (বিএসসি)। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, করমদী দারুচ্ছুন্নাহ নেছারিয়া দাখিল মাদ্রাসার সহকারী সুপার মাওলানা মো: শওকত আলী।

কোরআন তেলওয়াত ও ইসলামি সংগীত প্রতিযোগিতার দুই বিভাগ থেকে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অধিকারকারী মোট ৬ জনকে পুরস্কার হিসেবে নগদ অর্থ তুলে দেয়া হয়।

অনুষ্ঠানে উপজেলার ১৬টি মাদ্রাসার শিক্ষার্থীরা প্রতিযোগিতায় অংশগ্রহণ করেন। এছাড়াও কোরআন পাঠশালার উদ্যোগে কুইজ প্রতিযোগিতায় প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অধিকারকারীকে ইসলামী বই উপহার দেওয়া হয়েছে।

অনুষ্ঠানে বিচারক হিসেবে উপস্থিত ছিলেন, অত্র এলাকার ছয় মসজিদের সম্মানিত ইমাম ও হাফেজগণ।

অনুষ্ঠানে বক্তারা বলেন, এই ধরনের ব্যতিক্রমী একটি অনুষ্ঠান সত্যি আমাদের মন জয় করেছে। এই ধরনের অনুষ্ঠান খুব কম লক্ষ্য করা যায়। তাছাড়া দেবীপুর, ঝোড়াঘাট, মাঠপপাড়া, করমদী ও চককল্যাণপুর এই চার গ্রামের যুবসমাজের উদ্যোগে এই অনুষ্ঠানটি হয়।গতবছরও হয়েছিল এ অনুষ্ঠানটি। যারা এর আয়োজন করেছে তাদেরকে অসংখ্য ধন্যবাদ। আগামীতে উপজেলা সকল মাদ্রাসা নিয়ে যাতে এর চেয়ে আরও ভালো অনুষ্ঠান উপহার দিতে পারে এই দোয়া করি।

অনুষ্ঠান পরিচালনায় ছিলেন, রাকিবুল ইসলাম কবি, মাহবুব তানিম ও বিপ্লব হোসেন। অনুষ্ঠানে অত্র এলাকার শিক্ষক সহ গণমান্য

ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে বীর মুক্তিযোদ্ধা হাজী আকবর আলীকে গার্ড অব অনার ও রাষ্ট্রীয় মর্যাদায় দাফন

মেহেরপুর সদর উপজেলার গহরপুর গ্রামের বীর মুক্তিযোদ্ধা ও অবসরপ্রাপ্ত সেনা সদস্য আকবর আলী মন্ডলকে পূর্ণ রাষ্ট্রীয় ও সামরিক মর্যাদায় দাফন করা হয়েছে।

গতকাল শনিবার বিকেলে গহরপুরে পারিবারিক কবরস্থানে তাঁর দাফন সম্পন্ন হয়। এর আগে জাতীয় পতাকায় আচ্ছাদিত মরহুমের মরদেহে জেলা প্রশাসন ও সেনাবাহিনীর পক্ষ থেকে পৃথকভাবে পুষ্পমাল্য অর্পণ করা হয়। জেলা প্রশাসনের পক্ষে সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. খায়রুল ইসলাম এবং সেনাবাহিনীর পক্ষে মেহেরপুর সেনা ক্যাম্পের ক্যাপ্টেন মারুফ পুষ্পমাল্য অর্পণ করেন।

এসময় সেনাবাহিনীর একটি চৌকস দল মরহুমের মরদেহে গার্ড অব অনার প্রদান করে। সেনাবাহিনীর পক্ষ থেকে ক্যাপ্টেন মারুফ সালাম গ্রহণ করেন। এর আগে পুলিশের একটি চৌকস দল গার্ড অব অনার প্রদান করে, যেখানে রাষ্ট্রের পক্ষে সালাম গ্রহণ করেন সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. খায়রুল ইসলাম। এ সময় বিউগলে করুণ সুর বাজানো হয়।

রাষ্ট্রীয় মর্যাদা প্রদানের আনুষ্ঠানিকতা শেষে জানাজা নামাজ অনুষ্ঠিত হয় এবং পরে তাঁকে পারিবারিক কবরস্থানে দাফন করা হয়।

এ সময় জেলা মুক্তিযোদ্ধা সংসদের আহ্বায়ক বীর মুক্তিযোদ্ধা শামসুল আলম সোনা, উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডার বীর মুক্তিযোদ্ধা সিরাজুল ইসলামসহ বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ উপস্থিত ছিলেন।

গতকাল শনিবার ভোরে ঢাকার একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় বীর মুক্তিযোদ্ধা ও অবসরপ্রাপ্ত সেনা সদস্য আকবর আলী মন্ডল ইন্তেকাল

করেন। আগের দিন তিনি হৃদরোগে আক্রান্ত হলে তাঁকে উন্নত চিকিৎসার জন্য ঢাকায় নেওয়া হয়। মৃত্যুকালে তিনি স্ত্রী, তিন ছেলে, দুই মেয়ে ও অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

গাংনীতে ট্রলি চাপায় কৃষকের মৃত্যু

মেহেরপুরের গাংনীতে ইট বোঝায় স্যালো ইঞ্জিন চালিত ট্রলি চাপায় কাল্লু মন্ডল নামের এক কৃষকের মৃত্যু হয়েছে। গতকাল শনিবার সন্ধ্যা সাড়ে ছয়টায় মেহেরপুর-কুষ্টিয়া আঞ্চলিক মহাসড়কের গাংনী উপজেলার বাঁশবাড়িয়া বাজারে এই দুর্ঘটনা ঘটে।

নিহত কাল্লু মন্ডল গাংনী উপজেলার নিত্যানন্দনপুর গ্রামের সুষ্ঠু মন্ডলের ছেলে। নিহত কাল্লু মন্ডলের ভাতিজা মন্টু সরকার জানান, তার চাচা কাল্লু মন্ডল ছেলেদের জন্য ঢাকায় চাল পাঠাতে গাংনীতে যায়।

দুরপাল্লার একটি পরিবহনে চাল তুলে দিয়ে বাড়িতে ফেরার সময় বাঁশবাড়িয়া বাজারে রাস্তা পার হওয়ার সময় বেপরোয়া গতির ইটবোঝায় ট্রলি তাকে চাপা দিলে ঘটনাস্থলেই মৃত্যু হয়।

প্রত্যক্ষদর্শীরা জানিয়েছেন, কাল্লু মন্ডল বাঁশবাড়িয়া বাজারের রোড ডিভাইডারের পকেট রাস্তা পার হওয়ার সময় ট্রলি তাকে চাপা দিলে মস্তিষ্কে রক্তক্ষরণজনিত কারণে ঘটনাস্থলে তার মৃত্যু হয়।

দুর্ঘটনার পরে চালক ট্রলি ফেলে পালিয়ে গেছে।

গাংনী থানার এসআই আতোয়ার রহমান জানান, ভাটপাড়া রিপন ইটভাটার তিনটি ট্রলি মেহেরপুরের দিকে যাচ্ছিলো।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ওসি উত্তম কুমার দাস বলেন, দূর্ঘটনা স্থল থেকে সুষ্ঠু মন্ডলের মরদেহ উদ্ধার করে পুলিশ হেফাজতে নেয়া হয়েছে। পরবর্তীতে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

মুজিবনগরে জাতীয়তাবাদী মহিলাদলের নির্বাচনী কর্মীসভা

মুজিবনগরে জাতীয়তাবাদী মহিলা দলের নির্বাচনী কর্মীসভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল শনিবার বেলা বারোটার দিকে মুজিবনগর উপজেলার দারিয়াপুর ইউনিয়নের দারিয়াপুর পুরাতন ক্যাম্প পাড়ায় এই কর্মীসভা অনুষ্ঠিত হয়।

নির্বাচনী কর্মীসভায় মেহেরপুর জেলা জাতীয়তাবাদী মহিলা দলের সভাপতি সৈয়দা সাইয়েদাতুন নেছা নয়ন এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মেহেরপুর-১ আসন (মেহেরপুর সদর ও মুজিবনগর) এর বিএনপি এর মনোনীত ধানের শীষের প্রার্থী মাসুদ অরুন।

কর্মীসভায় প্রধান অতিথির বক্তব্যে মাসুদ অরুন বলেন, দীর্ঘদিন ধানের শীষ প্রতীকে ভোট দেয়ার সুযোগ আমাদের হয়নি। আপনাদের মনে প্রশ্ন জাগতে পারে আমরা কেন ধানের শীষে ভোট দিব আমাদের নেতা তারেক রহমান বলেছেন, বিএনপি রাষ্ট্রীয় ক্ষমতায় গেলে আমরা প্রত্যেক পরিবারে মা বোনদের হাতে ফ্যামিলি কার্ড তুলে দেওয়া হবে। কোনো মায়ের হাতে এই ফ্যামিলি কার্ড থাকলে আপনারা প্রতি মাসে ৩০ কেজি চাল ৩ কেজি ডাল ১০ কেজি তৈল ২ কেজি লবণ এবং নগত ২ হাজার ৫ শত টাকা যদি পান তাহলে এই কার্ড সার্থের কার্ড থাকবে না এই কার্ড হবে ঐ মায়ের ঐ পরিবারে সন্মান রক্ষার প্রতীক। আমরা বলেছি দুটি ভোট যদি কমেও হয় তবুও মায়েদের সম্মান রক্ষার্থে এই কার্ড পাবে মায়েরা।

এ সময় তিনি আগামী ১২ তারিখ ধানের শীষে ভোট দিয়ে বিএনপি কে নির্বাচিত করার আহ্বান জানান।

এ সময় উপস্থিত ছিলেন, মুজিবনগর উপজেলা যুবদলের আহ্বায়ক আবুল হাসান, মেহেরপুর জেলা ছাত্রদলের সভাপতি আকিব জাবেদ সেনজির সহ স্থানীয় বিএনপি ও মহিলা দলের নেতাকর্মীবৃন্দ।

মেহেরপুরে পুলিশের সাপ্তাহিক মাস্টার প্যারেড

মেহেরপুরে পুলিশের সাপ্তাহিক মাস্টার প্যারেড অনুষ্ঠিত হয়েছে। গতকাল শনিবার সকাল ৯টায় মেহেরপুর পুলিশ লাইন্স প্যারেড গ্রাউন্ডে অফিসার ও ফোর্সদের অংশগ্রহণে এ মাস্টার প্যারেড অনুষ্ঠিত হয়।

মাস্টার প্যারেডে কুচকাওয়াজ, অভিবাদন গ্রহণ ও প্যারেড পরিদর্শন করেন মেহেরপুরের পুলিশ সুপার উজ্জ্বল কুমার রায়। এসময় তিনি প্যারেডে অংশগ্রহণকারী অফিসার ও ফোর্সদের টার্নআউটের ওপর ভিত্তি করে জিএস (গুড সার্ভিস) মার্ক প্রদান করেন।

প্যারেড পরিদর্শন শেষে পুলিশ সুপার অফিসার ও ফোর্সদের উদ্দেশ্যে উত্তম পোশাক পরিধান, নিয়মিত প্যারেড অনুশীলন, স্বাস্থ্য সচেতনতা, পরিষ্কার-পরিচ্ছন্নতা, নিয়মিত খেলাধুলা ও শরীরচর্চা এবং জনসাধারণের সঙ্গে সৌহার্দ্যপূর্ণ আচরণসহ বিভিন্ন দিকনির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন।

প্যারেড কমান্ডার হিসেবে দায়িত্ব পালন করেন, অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) মোহাম্মদ আতিকুল হক।

অনুষ্ঠানে পুলিশের ঊর্ধ্বতন কর্মকর্তাসহ বিভিন্ন পর্যায়ের অফিসার ও ফোর্স সদস্যরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে জামায়াত প্রার্থী

তাজউদ্দিন খানের নির্বাচনী

প্রচারণা

মেহেরপুরের শ্যামপুর ইউনিয়নের গোপালপুর ও রামনগর গ্রামে বাংলাদেশ জামায়াতে ইসলামীর মনোনীত সংসদ সদস্য প্রার্থী এবং জেলা জামায়াতের আমির তাজউদ্দিন খানের পক্ষে নির্বাচনী প্রচারণায় নেতৃত্ব দেন, জেলা জামায়াতের নায়েবে আমির মাওলানা মাহাবুবুল আলম।

গতকাল শনিবার বাদ মাগরিব ঝাউবাড়িয়া গ্রামে জামায়াতে ইসলামীর নির্বাচনী জনসভা অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, বাংলাদেশ জামায়াতে ইসলামীর মনোনীত সংসদ সদস্য প্রার্থী ও জেলা জামায়াতের আমির মাওলানা তাজউদ্দিন খান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা শ্রমিক ফেডারেশনের সভাপতি আব্দুর রউফ মুকুল, রাজনৈতিক সেক্রেটারি কাজী রুহুল আমিন, সদর উপজেলা জামায়াতের আমির সোহেল রানা, সেক্রেটারি ও আমঝুপি ইউনিয়নের চেয়ারম্যান পদপ্রার্থী জাব্বারুল ইসলাম (মাস্টার), শ্যামপুর ইউনিয়ন জামায়াতের আমির মফিজুর রহমানসহ ১১ দলীয় ঐক্যজোটের নেতা-কর্মীবৃন্দ।

জনসভার আগে বাদ আসর থেকে গোপালপুর ও রামনগর গ্রামের প্রধান সড়কগুলোতে ব্যাপকভাবে নির্বাচনী প্রচারণা চালানো হয়। প্রচারণা শেষে একটি সংক্ষিপ্ত সমাবেশের আয়োজন করা হয়, যেখানে স্থানীয় নেতাকর্মী ও সমর্থকরা অংশ নেন।

জনসভায় বক্তারা বলেন, “ইসলামী মূল্যবোধের ভিত্তিতে একটি ন্যায়ভিত্তিক সমাজ গঠনই আমাদের মূল লক্ষ্য। দল-মত নির্বিশেষে, ধর্ম-বর্ণ নির্বিশেষে সকলকে নিয়ে আমরা এ দেশ গড়তে চাই। আমরা দুর্নীতিমুক্ত রাখবো এ দেশকে, আর দুর্নীতিমুক্ত থাকবো আমরা নিজেরা। জনগণের বিশ্বাস ও ভালোবাসার প্রতিদান আমরা সততা ও সেবার মাধ্যমে দিতে চাই।”

এই প্রচারণায় স্থানীয় জনগণের উৎসাহমূলক অংশগ্রহণ লক্ষ্য করা গেছে। প্রচারণায় অংশ নেওয়া নেতাকর্মীরা জানান, মাওলানা তাজউদ্দিন খানের নেতৃত্বে এলাকায় জামায়াতের প্রতি সমর্থন বাড়ছে।

মেহেরপুরের সুবিদপুর মাধ্যমিক বিদ্যালয়ের রজত জয়ন্তী উদযাপিত

মেহেরপুর সদর উপজেলার সুবিদপুর মাধ্যমিক বিদ্যালয়ের রজত জয়ন্তী উদযাপিত হয়েছে। গতকাল শনিবার সকালে বিদ্যালয় প্রাঙ্গনে এ উপলক্ষে এক আলোচনা সভার আয়োজন করা হয়।

আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মেহেরপুর সদর উপজেলার নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মোঃ খাইরুল ইসলাম।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোহা. শাহাবুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা শিক্ষা অফিসার মোঃ আবদুর রহিম ও উপজেলা শিক্ষা অফিসার মোঃ মনিরুল ইসলাম।

অনুষ্ঠানে বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকা, শিক্ষার্থী, অভিভাবক ও আমন্ত্রিত অতিথিবৃন্দ উপস্থিত ছিলেন। বক্তারা বিদ্যালয়ের দীর্ঘ শিক্ষাযাত্রা, সাফল্য ও ভবিষ্যৎ উন্নয়নের বিভিন্ন দিক তুলে ধরেন এবং রজত জয়ন্তী উপলক্ষে বিদ্যালয় পরিবারকে শুভেচ্ছা জানান।

মুজিবনগরে ২৫ পিচ ইয়াবা সহ ৩ জন মাদক কারবারী আটক

মেহেরপুরের মুজিবনগরে ২৫ পিচ ইয়াবা সহ ৩ মাদক কারবারী আটক করেছে মুজিবনগর থানা পুলিশ।

শনিবার দুপরে মুজিবনগর উপজেলার ঢোলমারী গ্রামের হরেনের বটতলা সংলগ্ন টুইস মন্ডলের লিচু বাগানের সামনে থেকে তাদের আটক করা হয়।

আটককৃত ব্যাক্তিরা হলেন, মুজিবনগর উপজেলার বাগোয়ান মোল্লাপাড়ার আব্দুল রব এর ছেলে ফরহাদ শেখ(২২), আনন্দ মিয়ার ছেলে আপন(২১) ও একই গ্রামের ফারুক শেখ এর ছেলে রাশেদ শেখ(৩৫)।

মুজিবনগর থানার অফিসার ইনচার্জ জাহিদুল ইসলাম বলেন,আটককৃত ব্যাক্তিরা মাদক সেবন এবং বিক্রির উদ্যেশে হরেনের বটতলা নামক স্থানে অবস্থান করছে এমন গোপন সংবাদের ভিত্তিতে মুজিবনগর থানার এসআই তাওহীদ সহ পুলিশের একটি টিম সেখানে অভিযান চালায়। অভিযান চলাকালীন সময়ে তাদের টুইস মন্ডলের লিচু বাগানের তলে দেখতে পেলে তাদের আটক করে। পরে তাদের তল্লাশী করে ২৫ পিচ ইয়াবা উদ্ধার করা হয়।

তাদের নামে মুজিবনগর থানায় মাদক নিয়ন্ত্রন আইনে মামলা দিয়ে আদালতে প্রেরন করা হবে বলে তিনি জানান।

মেহেরপুর জেলা ইউএসএ কমিটি গঠন

মেহেরপুর জেলা ইউএসএ কমিটি ২০২৬ গঠন করা হয়েছে। নবগঠিত কমিটিতে মোঃ মোস্তফা কামালকে সভাপতি এবং মোঃ তামিল হোসেনকে সাধারণ সম্পাদক নির্বাচিত করা হয়েছে।

কমিটির অন্যান্য পদে সহ-সভাপতি হিসেবে দায়িত্ব পেয়েছেন মোঃ আঃ মান্নান ও মোঃ রেজাউল হক। সহ-সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছেন মোঃ নাজমুল হক ও মোঃ এস আলম (নিপন)। ক্যাশিয়ার হিসেবে মোঃ নুরুল হুদা এবং সহ-ক্যাশিয়ার হিসেবে মোঃ নাজিম উদ্দীন দায়িত্ব পালন করবেন।

প্রচার সম্পাদক হিসেবে শাখাওয়াত হোসেন (বাচ্চু), সমাজকল্যাণ সম্পাদক মোঃ মাছুদুল করিম ও সহ-সমাজকল্যাণ সম্পাদক মোঃ আনোয়ার হোসেন নির্বাচিত হয়েছেন। ধর্ম সম্পাদক হিসেবে মোঃ মাহফুজুর রহমান এবং সহ-ধর্ম সম্পাদক হিসেবে মোঃ জাহাঙ্গীর আলম দায়িত্ব পেয়েছেন। ক্রীড়া সম্পাদক মোঃ আমানুল ইসলাম ও সহ-ক্রীড়া সম্পাদক মোঃ শাহিন রেজা নির্বাচিত হয়েছেন।

সাংস্কৃতিক সম্পাদক হিসেবে মোঃ হাছানউজ্জামান জামান এবং সহ-সাংস্কৃতিক সম্পাদক হিসেবে মোঃ মফিজুর রহমান (উজ্জ্বল) দায়িত্ব পেয়েছেন। মহিলা সম্পাদিকা হিসেবে নির্বাচিত হয়েছেন মোছাঃ মিতা শামীম।

কার্যনির্বাহী কমিটির সদস্য হিসেবে রয়েছেন মোঃ জামাল উদ্দীন, মোঃ জাকির হোসেন, মোঃ আঃ কাদের, মোঃ জাফরপ্তাহ রহমতুল্লাহ (তপন), মোঃ আশরাফুল ইসলাম (টুকু), মোঃ আমিনুল কবির, মোঃ কামাল হোসেন, এচ এইচ জাহিদ এবং মোঃ আশরাফুল ইসলাম (মিলন)।

উপদেষ্টা পরিষদের সদস্য হিসেবে অন্তর্ভুক্ত হয়েছেন এ্যাডঃ এম নূরুজ্জামান (বাবু), মোঃ আঃ বাতেন, মোঃ মহিদুল ইসলাম, মোঃ আঃ হালিম, মোঃ আশাদুল্লাহ (নিউজার্সি), মোঃ কামরুজ্জামান ও আসাদ-আল মফিজ।

মুজিবনগরে ইউনিয়ন বিএনপির কার্যালয়ের পাশ থেকে ককটেল সাদৃশ বস্তু উদ্ধার

মেহেরপুরের মুজিবনগর উপজেলার দারিয়াপুর ইউনিয়ন বিএনপির কার্যালয়ের মাত্র ৩৫ গজ পাশে থেকে লাল টেপে মোড়ানো ককটেল সাদৃশ একটি বস্তু উদ্ধার করেছে পুলিশ।

শনিবার সকালে উপজেলার দারিয়াপুর ইউনিয়নের কালিতলা মোড় এলাকা থেকে বস্তুটি উদ্ধার করা হয়।

স্থানীয় ও পুলিশ সূত্রে জানা গেছে, কালিতলা মোড় সংলগ্ন আকবার আলীর বাড়ির প্রাচিরের পাশে একটি সন্দেহভাজন বস্তু পড়ে দেখে স্থানীয়রা মুজিবনগর থানা পুলিশকে খবর দেয়। মুজিবনগর ফায়ার সার্ভিস অ্যান্ড সিভিল ডিফেন্স এবং মুজিবনগর থানা পুলিশের টিম ঘটনাস্থলে গিয়ে বস্তুটি উদ্ধার করে নিষ্ক্রিয় করার জন্য থানায় নিয়ে যায়।

মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) জাহিদুল ইসলাম জানান, ‘খবর পেয়ে পুলিশ দ্রুত ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে নেয় এবং বস্তুটি উদ্ধার করে। এটি আসলেই কোনো বিস্ফোরক কি না, তা পরীক্ষা করে দেখা হচ্ছে। এ বিষয়ে আইনগত প্রক্রিয়া চলমান রয়েছে।

কে বা কারা, কী উদ্দেশ্যে এটি সেখানে রেখেছে তা খতিয়ে দেখছে পুলিশ। তবে এ ঘটনায় এখন পর্যন্ত কাউকে আটক করা সম্ভব হয়নি। উদ্ধারকৃত বস্তুটি স্থানটি স্থানীয় বিএনপি কার্যালয় থেকে মাত্র ৩৫ গজ দূরে হওয়ায় এলাকায় চাঞ্চল্য ও আতঙ্কের সৃষ্টি হয়।